

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭২০

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৪

**আগামী ১০ ডিসেম্বর মানবাধিকার
দিবস উদযাপন করা হবে**

আগামী ১০ ডিসেম্বর, ২০২৪ রাজ্যে যথাযোগ্য মর্যাদায় মানবাধিকার দিবস উদযাপন করা হবে। এদিন বেলা একটায় রবীন্দ্র শতবার্ষিকী ত্বরণে এই অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ উপলক্ষে আজ কুঞ্জবনস্থিত ত্রিপুরা মানবাধিকার কমিশন কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস। সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা মানবাধিকার কমিশনের কার্য সঞ্চালনা পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন তিনি। তিনি বলেন, সরকার বা কোনও সরকারি কর্মী দ্বারা মানবাধিকার লঙ্ঘিত হলে তার জন্য যথাযথ তদন্ত ও ব্যবস্থা গ্রহণ করতে মানবাধিকার কমিশন পদক্ষেপ নিতে পারে। বর্তমানে অনলাইনেও মানবাধিকার কমিশনে মামলা নথিভুক্ত করা যায়। তিনি আরও বলেন, এখন পর্যন্ত রাজ্য সরকারের নিকট বিভিন্ন মামলার তদন্ত পরিবর্তীতে যে সকল পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছিল সবগুলি নির্বাহ করা হয়েছে। মানবাধিকার সম্পর্কে সাধারণ জনগণ ও ছাত্রছাত্রীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সময় সচেতনতা শিখিবেন আয়োজন করা হয়।

সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস জানান, এ বছরের এখন পর্যন্ত মোট ১০৮টি মামলা মানবাধিকার কমিশনার কর্তৃক গ্রহণ করা হয়েছে। তার মধ্যে ৭৪টি মামলার নিষ্পত্তি করা হয়েছে। বাকি মামলাগুলি সম্পর্কে তদন্ত চলছে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিতি ছিলেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের সদস্য বি কে রায়, সদস্য উদিত চৌধুরী।
